আপনার বাড়ি সুরক্ষিত রাখুন।

আপনার প্রিয়জনের জন্য পরিকল্পনা করুন

বিনামূল্যে – যদি আপনি যোগ্য হন।

এই বাড়ি আপনার। আসুন নিশ্চিত করি আপনার প্রিয়জন যেন এটি ভালো রাখে।

অনেকেরই কোনো পরিকল্পনা থাকে না যে তাদের মৃত্যুর পর তাদের বাড়িটির কী হবে। এর ফলে আদালত প্রক্রিয়ায় বিলম্ব, পারিবারিক দ্বন্দ্ব, অথবা বাড়ি হারানোর মতো অনেক সমস্যা দেখা দেয়।

আমরা আপনাকে পরিকল্পনা করার ব্যাপারে সহযোগিতা করতে পারি।

বিনামূল্যে বিশেষজ্ঞদের সহযোগিতা

আমরা আপনাকে কোনো বিশ্বস্ত আইনজীবী বা লিগ্যাল টিমের সাথে যোগাযোগ করিয়ে দিতে পারি যারা:

- আপনার ইচ্ছাগুলো নিয়ে আপনার সাথে আলোচনা করতে পারেন
- সঠিক আইনি ফর্মগুলো পূরণ করতে সহযোগিতা করতে পারেন
- আপনার বাড়ি ও প্রিয়জনকে রক্ষা করতে একটি পরিকল্পনা করে দিতে পারেন

এই সহযোগিতা **বিনামূল্যে** — যোগ্যদের জন্য — এবং বহু বছরের অভিজ্ঞতাসম্পন্ন বিশেষজ্ঞরা প্রদান করেন বলে **বিশ্বাসযোগ্য**। আপনার ভাষাতে এই সেবা পেতে পারেন।



এস্টেট প্ল্যানিং কী?

এস্টেট প্ল্যানিং-এ থাকে আপনার মৃত্যুর পর আপনার বাড়ি ও জিনিসপত্রগুলোর কী হবে সে বিষয়ে আপনার ইচ্ছাগুলো লিখে রাখা, এবং আপনি জীবিত থাকাকালে চিকিৎসা, আইন ও আর্থিক বিষয়ে আপনাকে সহযোগিতা করার জন্য বিশ্বস্ত লোকজনকে নির্বাচন করা। এর মধ্যে থাকতে পারে:

- কে কে আপনার বাড়ি সহ অন্যান্য বিভিন্ন জিনিসপত্র পাবে তা উল্লেখ করে একটি উইল করা
- আপনি না পারলে আপনার পক্ষে আপনার আইনি ও আর্থিক প্রয়োজনগুলো দেখাশুনা করার জন্য কাউকে পাওয়ার অভ অ্যাটর্নি প্রদান করা
- সাম্প্রতিক নিউ ইয়র্ক স্টেট আইনসমূহ বুঝা যা আপনাকে ও আপনার মালিকানাধীন যেকোনো কিছুকে সুরক্ষা প্রদান করে

আজই প্রথম পদক্ষেপটি নিন।

আজই **(646) 786-0888** নম্বরে হোমওনার হাব-এ কল করুন এবং এস্টেট প্ল্যানিং সম্পর্কে জিজ্ঞাসা করুন। অথবা ভিজিট করুন **HomeownerHelpNY.org**

CENTER for NYC NEIGHBORHOODS · New York City Council · JPMorganChase

Bengali